"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০১ (প্রশাসন)
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং: নম্বর : ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৭.২১- ৬৭

তারিখঃ ০১ মার্চ ২০২২ খ্রি.

বিষয় : "কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা কার্যক্রমের জুলাই-ডিসেম্বর, ২০২১ মেয়াদে উপবৃত্তির তালিকা কারিগরি শিক্ষা অধিদপ্তরের কেন্দ্রীয় কমিটি কর্তৃক অনুমোদন" বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মোঃ ওমর ফারুক, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

তারিখ ও সময় : ০১ মার্চ ২০২২ খ্রি., সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভার স্থান : মহাপরিচালকের সম্মেলন কক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা কার্যক্রমের জুলাই-ডিসেম্বর, ২০২১ মেয়াদে উপবৃত্তি প্রদানের জন্য এন্ট্রিকৃত উপবৃত্তির যোগ্য শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকার সারসংক্ষেপ সভায় উপস্থাপন করেন।
বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত
১	২০২১ সালের জুলাই-ডিসেম্বর মেয়াদে ভোকেশনাল ৬ষ্ঠ, ৯ম, ১০ম শ্রেণি, ডিপ্লোমা ২য় ও ৪র্থ পর্বের শিক্ষার্থীদের প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রিকৃত তথ্য কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ০৮ (আট) টি আঞ্চলিক কার্যালয় হতে যাচাই-বাছাইপূর্বক অনুমোদনের পর সর্বমোট ৩০৫৬৩ (ত্রিশ হাজার পাঁচশত তেষট্টি) জন শিক্ষার্থীর তথ্য MIS-এর মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়। পূর্বের সভার সিদ্ধান্ত মোতাবেক ৪ (চার) জন শিক্ষার্থীর এন্ট্রিকৃত ভুল তথ্য বাতিল করে কারিগরি শিক্ষা অধিদপ্তরের কেন্দ্রীয় কমিটি কর্তৃক পুনঃযাচাইয়ের পর ৩০৫৫৯ জন শিক্ষার্থীর তথ্য চূড়ান্তভাবে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। শিক্ষার্থীদের তথ্য চূড়ান্তভাবে অনুমোদনের বিষয়ে সভার সদস্যগণ একমত প্রকাশ করেন।	২০২১ সালের জুলাই-ডিসেম্বর মেয়াদে ভোকেশনাল ৬ষ্ঠ, ৯ম, ১০ম শ্রেণি এবং ডিপ্লোমা ২য় ও ৪র্থ পর্বের মোট ৩০৫৫৯ জন শিক্ষার্থীর তথ্য MIS-এর মাধ্যমে G2P পদ্ধতিতে ইএফটির জন্য প্রেরণের লক্ষ্যে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হলো।
২	নিম্নবর্ণিত মেয়াদের উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে যোগ্য শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি/Edit সংক্রান্ত বিজ্ঞপ্তি দ্রুত প্রকাশ করার বিষয়ে সভার সদস্যগণ একমত প্রকাশ করেন। **জানুয়ারি-জুন, ২০২১:** ডিপ্লোমা ৬ষ্ঠ ও ৮ম পর্ব (কোভিড অবস্থার কারণে এই শিক্ষার্থীদের পরীক্ষা বিলম্বে অনুষ্ঠিত হয় এবং ফলাফল সম্প্রতি প্রকাশ হয়েছে); **জুলাই-ডিসেম্বর, ২০২১:** একাদশ (ভোকেশনাল), দ্বাদশ (ভোকেশনাল) (দ্বাদশের ক্ষেত্রে একাদশ সমাপনী পরীক্ষার ফলাফল প্রকাশ হওয়ার পর); **জানুয়ারি-জুন, ২০২২:** জুনিয়র (ভোকেশনাল) ৬ষ্ঠ, ৭ম, ৮ম, এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) ৯ম, ১০ম (১০ম এর ক্ষেত্রে ৯ম সমাপনী পরীক্ষার ফলাফল প্রকাশ হওয়ার পর), ডিপ্লোমা ১ম পর্ব (ভর্তি কার্যক্রম শেষে ক্লাস শুরু হওয়ার পর)।	ফলাফল প্রকাশের পর এবং ডিপ্লোমা ১ম পর্বের ২০২১-২২ সেশনের ক্লাস শুরু হওয়ার পর আগামী ১৫ কার্যদিবসের মধ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩	২০২১ সালে সিলেট বিভাগ ব্যতীত বাকি ৭টি বিভাগে মোট ৩৫টি টেকনিক্যাল স্কুল ও কলেজ চালু হয়। একারণে ২০২১ সালের জুলাই-ডিসেম্বর মেয়াদে সিলেট বিভাগের ৬ষ্ঠ শ্রেণির কোন শিক্ষার্থী উপবৃত্তির অন্তর্ভুক্ত হয়নি। অবশিষ্ট ৭টি বিভাগের টিএসসিসমূহের ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি কার্যক্রমের অন্তর্ভুক্ত করা হয়। ২০২২ সালে চালু হওয়া নতুন ৩৫টি টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষার্থীদের উপবৃত্তি কার্যক্রমে অন্তর্ভুক্তির জন্য আঞ্চলিক পরিচালক ও প্রতিষ্ঠান প্রধানগণের ব্যাপক প্রচারণার বিষয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা প্রয়োজন। এক্ষেত্রে ব্যাপক প্রচারণার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সভার সদস্যগণ সহমত পোষণ করেন।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, প্রকল্প পরিচালক ১০০টি উপজেলায় TSC স্থাপন প্রকল্প এবং ৮টি আঞ্চলিক পরিচালকের কার্যালয় কর্তৃক টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষার্থীদের উপবৃত্তি কার্যক্রমে অন্তর্ভুক্তির জন্য ব্যাপক প্রচারণার উদ্যোগ গ্রহণ করবেন।
৪	কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিএমটি (বিজনেস ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি) প্রতিষ্ঠানসমূহে অনেক শিক্ষার্থী অধ্যয়নরত আছে। এই শিক্ষার্থীদেরকে কারিগরি উপবৃত্তি কার্যক্রমে অন্তর্ভুক্ত করার জন্য নীতিমালা সংশোধন ও উপবৃত্তির হার নির্ধারণ করা প্রয়োজন। এ সংক্রান্ত একটি প্রস্তাবনা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে সভায় সকলে একমত প্রকাশ করেন।	আগামী মেয়াদে বিএমটি প্রতিষ্ঠানসমূহকে উপবৃত্তি কার্যক্রমে অন্তর্ভুক্তির লক্ষ্যে নীতিমালা সংশোধনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৫	কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা কার্যক্রমের সকল ধরনের বিজ্ঞপ্তি, অফিস আদেশ এবং নির্দেশনা সোশ্যাল মিডিয়ার নির্ধারিত গ্রুপসমূহে প্রচারণার বিষয়ে সভার সদস্যগণ গুরুত্বারোপ করেন।	ফেসবুক এবং হোয়াটসঅ্যাপ-এর নির্ধারিত গ্রুপসমূহে উপবৃত্তির প্রয়োজনীয় বিজ্ঞপ্তি, অফিস আদেশ, নির্দেশনা ও সংশ্লিষ্ট তথ্য প্রচার করতে হবে।
৬	২০২০-২১ অর্থবছরে iBAS++ কর্তৃক ২০,৬৩১ (বিশ হাজার ছয়শত একত্রিশ) টি অ্যাকাউন্ট ডুপ্লিকেট হওয়ার কারণে ব্লক করা হয় এবং ১৩,৫৯৭ (তের হাজার পাঁচশত সাতানব্বই) টি অ্যাকাউন্টে সমস্যা থাকার কারণে বাউন্সড ব্যাকড হয়। পরবর্তীকালে উক্ত ব্লকড অ্যাকাউন্টসমূহের মধ্যে ১৪,০৬৫ (চৌদ্দ হাজার পয়ষট্টি) টি অ্যাকাউন্ট প্রতিষ্ঠান হতে সংশোধন করা হয়। বাকি ৬,৫৬৬ (ছয় হাজার পাঁচশত ছেষট্টি) টি ব্লকড অ্যাকাউন্ট এবং ১৩,৫৯৭ (তের হাজার পাঁচশত সাতানব্বই) টি বাউন্সড ব্যাকড অ্যাকাউন্ট সংশোধনের জন্য প্রতিষ্ঠানসমূহকে পুনরায় সুযোগ প্রদান করা প্রয়োজন। এক্ষেত্রে অ্যাকাউন্ট সংশোধনের জন্য ১৫ দিন সময় দেয়া যেতে পারে মর্মে সকল সদস্য অভিমত ব্যক্ত করেন।	২০২০-২১ অর্থবছরের ৬৫৬৬ (ছয় হাজার পাঁচশত ছেষট্টি) টি ব্লকড অ্যাকাউন্ট এবং ১৩,৫৯৭ (তের হাজার পাঁচশত সাতানব্বই) টি বাউন্সড ব্যাকড অ্যাকাউন্ট সংশোধনের জন্য ১৫ দিন সময়সীমা নির্ধারণ করে প্রতিষ্ঠানসমূহকে নির্দেশ প্রদান করতে হবে। জুলাই-ডিসেম্বর, ২০২১ মেয়াদের পে-রোল হওয়ার পর উক্ত ২০২০-২১ অর্থবছরের সংশোধিত ব্লকড অ্যাকাউন্টসমূহের পে-রোল করতে হবে।

২। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০২/০৩/২০২২

(ড. মোঃ ওমর ফারুক)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। পরিচালক (প্রশাসন/ ভোকেশনাল/ পলিটেকনিক (পিআইডব্লিউ)/ পিআইইউ/ পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর;
২। সহকারি পরিচালক -১, কারিগরি শিক্ষা অধিদপ্তর;
৩-৪। সহকারি পরিচালক (ভোকেশনাল-১ ও ২), কারিগরি শিক্ষা অধিদপ্তর;

অনুলিপি:

১। সংযুক্ত কর্মকর্তা, উপবৃত্তি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। নথি।